



## সাবেক প্রক্টরের কুশপুতুল দাহ ॥ ইবিতে পাল্টাপাল্টি কর্মসূচী

প্রকাশিত: ২৪ - নভেম্বর, ২০১৯ ১২:০০ এ. এম.

ইবি সংবাদদাতা ॥ ইসলামী বিশ্ববিদ্যালয়ের সাবেক প্রক্টর অধ্যাপক ড. মাহবুবুর রহমানের শিবির করার অভিযোগ এনে তার কুশপুতুল দাহ করার প্রতিবাদে মানববন্ধন করেছে ছাত্রলীগের সাবেক কয়েক নেতা। শনিবার বেলা ১১টার দিকে প্রশাসনিক ভবনের সামনে মানববন্ধন করেছে বিশ্ববিদ্যালয়ের সাবেক ছাত্রলীগের নেতা। যাদের মধ্যে অধিকাংশই বিশ্ববিদ্যালয়ের দিনমজুর হিসেবে কাজ করছেন। মানববন্ধনে ছাত্রলীগের সাবেক নেতা-কর্মীরা বলেন, ‘যারা প্রগতিশীলতা চর্চা করে তাদের শিবির বানিয়ে হেনস্থা করা হচ্ছে। একইসঙ্গে বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক পরিবেশকে বিনষ্ট করার জন্য কুচক্রি মহল কাজ করে যাচ্ছে। আমরা ছাত্রলীগের সাবেক নেতা-কর্মী হিসেবে এর প্রতিকার চাই।’ এদিকে মানববন্ধনের পরেই বর্তমান ছাত্রলীগের নেতা-কর্মীরা সাবেক প্রক্টরকে সকল প্রশাসনিক পদ থেকে অব্যাহতি দেয়ার দাবিতে বিক্ষোভ মিছিল করে। বেলা ১২টার দিকে দলীয় টেন্ট থেকে মিছিল করে ক্যাম্পাসের বিভিন্ন সড়ক ও প্রশাসনিক ভবন ঘুরে দলীয় টেন্টে গিয়ে শেষ হয়।

উল্লেখ্য, গত ১৯ নবেম্বর ইসলামী বিশ্ববিদ্যালয়ের সাবেক প্রক্টর এবং প্রগতিশীল শিক্ষক সংগঠন শাপলা ফোরামের সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মাহবুবুর রহমানের কুশপুতুল দাহ করে ছাত্রলীগের একাংশের নেতাকর্মীরা। এ সময় ড. মাহবুবুর রহমানের বিরুদ্ধে ছাত্রজীবনে শিবির সংশ্লিষ্ট থাকার অভিযোগ আনে তারা।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস্তু: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com